
দৈনিক জনকণ্ঠ

তারিখ 23 NOV 1997
পৃষ্ঠা ৮ কলাম ২

11

# বুয়েটে সমাবর্তন



প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) পঞ্চম সমাবর্তন আগামী ২৭ নবেম্বর বৃহস্পতিবার অনুষ্ঠিত হবে। সমাবর্তন অনুষ্ঠান সুন্দর ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে ব্যাপক প্রস্তুতি চলছে। এ সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সমাবর্তন বক্তা হিসাবে উপস্থিত থাকবেন তত্ত্বাবধায়ক

**তরিকুল ইসলাম**

সরকারের সাবেক উপদেষ্টা বিচারপতি মুহম্মদ হাবিবুর রহমান।

১৯৯৩ সালের পর এবারের সমাবর্তনে মোট এক হাজার সাত শ' ৮১ জন ছাত্রছাত্রী আনুষ্ঠানিকভাবে আবেদন করেছেন। আবেদনকারীদের মধ্যে সাত জন পিএইচডি সহ এক শ' একুশ জন স্নাতকোত্তর পর্যায়ের ১৯৯৩ থেকে ১৯৯৭ পর্যন্ত পাঁচ বছরে সর্বমোট দুই হাজার ন শ' ৮৪ জন ছাত্রছাত্রী স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেছেন এদের মধ্যে ১০ জন পিএইচডিসহ তিন শ' নয় জন স্নাতকোত্তর পর্যায়ের। এর আগে ১৯৭৩, ১৯৭৬, ১৯৯২ ও ১৯৯৩ সালে প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ সমাবর্তন অনুষ্ঠিত হয়। তৃতীয় সমাবর্তনে এক সাথে ১৪ ব্যাচের ছাত্রছাত্রীদের সনদপত্র দেয়া হয়। তবে এবারের সমাবর্তনে অংশগ্রহণকারী ছাত্রছাত্রীর শতকরা হার সর্বাধিক।

পঞ্চম সমাবর্তন অনুষ্ঠান সফল করার লক্ষ্যে গঠিত হয়েছে একটি মূল কমিটি, একটি স্টিয়ারিং কমিটি এবং বারোটি উপকমিটি। মূল কমিটির চেয়ারম্যান প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ ইকবাল মাহমুদ সমাবর্তনকে সামনে রেখে এর সাথে জড়িত সকল অফিসার কর্মচারী গত প্রায় একমাস সকাল ন'টা থেকে রাত ন'টা পর্যন্ত অফিস করছেন। শুক্রবার অর্ধদিবস এবং শনিবার পূর্ণদিবস অফিস চলে। কোন কোন অফিসে গভীর রাত পর্যন্ত কাজ চলছে।

সমাবর্তন অনুষ্ঠানটি আয়োজন করা হবে প্রকৌশল বিশ্ববিদ্যালয় মাঠে। এ কারণে গত ১৭ নবেম্বর থেকে আগামী ২৮ নবেম্বর পর্যন্ত মাঠে সকল প্রকার খেলাধুলা বন্ধ থাকবে। গোটা মাঠ জুড়ে তৈরি করা হচ্ছে বিশাল প্যান্ডেল। ২৪ ও ২৫ নবেম্বর প্রকৌশল বিশ্ববিদ্যালয় মাঠে ডিগ্রীধারীদের শনাক্ত করে আনুষ্ঠানিকভাবে গাউন বিতরণ করা হবে। ২৬ নবেম্বর তিনঘণ্টাব্যাপী সমাবর্তন মহড়া অনুষ্ঠিত হবে।